# সোনালী ব্যাংক পিএলসি

ঈশ্বরদী শাখা, পাবনা।

অর্থ ঋণ আদালত আইন-২০০৩ (সংশোধন-২০১০) এর ধারা ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

**ঋণগ্রহীতা /ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা** ঃ মেসার্স সুজন মৎস্য খামার এর মালিক মোঃ আতিকুর রহমান সুজন, পিতা- মোঃ মিজানুর রহমান খাঁন, মাতা- মোছাঃ খোদেজা বেগম, ঠিকানাঃ অরনকোলা, ঈশ্বরদী, পাবনা, উপজেলাঃ ঈশ্বরদী, জেলা ঃ পাবনা।

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি, ঈশ্বরদী শাখা, পাবনা জেলা-পাবনা এর ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স সুজন মৎস্য খামার এর মালিক মোঃ আতিকুর রহমান সুজন, পিতা- মোঃ মিজানুর রহমান খাঁন, মাতা- মোছাঃ খোদেজা বেগম, ঠিকানাঃ অরনকোলা, ঈশ্বরদী, পাবনা, উপজেলাঃ ঈশ্বরদী, জেলা ঃ পাবনা নিকট ৩০/০৯/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচ সহ মোট ১২,২৯,৯৮৬/-(বার লক্ষ উনত্রিশ হাজার নয়শত ছিয়াশি) টাকা আদায়কালতক সুদ ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে ঋণগ্রহীতার নিজ নামীয় নিম্ন তফসিল ভূক্ত স্থাবর সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তাদীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। উক্ত সম্পত্তি বন্ধকদাতা কর্তৃক বিক্রয়ের ক্ষমতা প্রদান করিয়া ব্যাংকের অনুকূলে নিবন্ধিত আমমোক্তার নামা সম্পাদন করিয়া দেওয়া আছে।

## বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ

জেলা-পাবনা, উপজেলা ও সাবরেজিস্ট্রি অফিস-ঈশ্বরদী (ঈশ্বরদী পৌরসভার অন্তর্গত),
মৌজা- অরনকোলা, জেএল নং- ৪১(হাল), ৪০(সাবেক)

| সিএস খং নং | এসএ খং নং | সিএস/এসএ দাগ নং | আরএস খং নং | আরএস দাগ নং | জমির শ্রেণী | জমির পরিমান |
|---|---|---|---|---|---|---|
| ১৯ | ১৪২ | ১৬২৬ | ৪৪৮ | ১৬৭১ | ধানী | ১.০৯০০ একর এর কাত ০.০৭২৭ একর। |
| | | | | | মোট= | ০.০৭২৭ একর ভূমি। |
| খারিজ খতিয়ান নং-৪৭২৪। | | | | | (শূন্য দশমিক শূন্য সাত দুই সাত) একর ভূমি । | |

স্থানীয় চৌহদ্দীঃ উত্তরঃ নিজ। দক্ষিণঃ নিজ। পূর্বঃ নিজ। পশ্চিমঃ রাস্তা।

শর্তাবলী ঃ

১. আগামী **২৬/১১/২০২৬** ইং বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস পাবনায় রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০১ ঘটিকায় দরপত্রদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হইবে।

২. দরপত্র দাতা এক বা একাধিক তফসিলের জন্য দরপত্র দিতে পারিবে। তবে একই তফসিলের আংশিক দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৩.

| | |
|---|---|
| ৩. ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে |
| ৩.খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে |
| ৩. গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে |

৪. দাখিলকৃত দরপত্র উল্লেখিত অবশিষ্ট মূল্যে নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্ত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল /সম্পত্তি খরিদ করতে আহবান করা হইবে ; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০৩ নং অনুচ্ছেদ নির্ধারিত সময় সীমার মধ্যে ) সম্পূর্ন পরিশোধ করবেন দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে। বাজেয়াপ্ত টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৫. দরপত্রের বন্ধকীকৃত প্রস্তাবমূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবেন।

৬. দরপত্রদাতার নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা ফোন নম্বর (যদি থাকে) উল্লেখ করিয়া দরপত্র দাখিল করিতে হইবে।

৭. দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির গুণ, মান, পরিমাণ ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৮. দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথাসময়ে ফেরত দেওয়া হইবে।

৯. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০. দরপত্র গৃহীত না হইলে দাতাকে জামানতের টাকা সর্বচ্চো ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১. দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষর কারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন

এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
মোবাইল ঃ ০১৭১৩-৭৫৮৪৯২